সভা নং-৩৪২

# বটিয়াঘাটা উপজেলা পরিষদের আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ শরীফ আসিফ রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ২৮/০৮/২০২৪ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান ছাত্র জনতার আন্দোলনে ৫আগস্ট বিগত সরকার পতনের পর ১৯আগস্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদের অপসারন করে উপজেলা নির্বাহী অফিসারদের উপজেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ততপরবর্তী আজ উপজেলা পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি ছাত্র জনতার অভ্যুত্থানে নিহত সকল শহীদদের গভীর শ্রদ্ধারসাথে স্মরণ করেন।<br>অত:পর জুলাই,২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | জুলাই,২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়ীকরন করা হয়।<br>ছাত্র জনতার অভ্যুত্থানে নিহত সকল শহীদদের গভীর শ্রদ্ধা জানানো হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অত:পর তিনি দপ্তর ভিত্তিক আলোচনা করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানগণ তাদের দাপ্তরিক আলোচনা শুরু করেন। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি আরএমও সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, উপজেলা স্বাস্থ্য কম্পপ্লে ডাক্তার সংকট রয়েছে বর্তমানে ৪জন ডাক্তার নিয়ে সেবা দিয়ে যাচ্ছি। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বর্তমানে দেশের বিভিন্ন জেলায় বন্য হলেও বটিয়াঘাটা উপজেলায় বন্যার কোনো প্রভাব পড়েনি। উপজেলার প্রায় ১৭২০০ হে: জমিতে আমন ধানের চাষ করা হয়। চারা উৎপাদনের লক্ষমাত্র অর্জিত হয়েছে। তিনি আরো বলেন, বর্তমানে সারের কোনো সংকট নাই পর্যাপ্ত সার মজুদ রয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | উপজেলা পঃপঃ কর্মকর্তা সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বর্ষা মৌসুমে বিভিন্ন এলাকায় খালে নেট পাটা দিয়ে কিছু লোক পানি সরবরাহে বাধা সৃষ্টি করে। কেউ যেনো খালে পাটা বা নেট না দিতে পারে | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ মৎস্য কর্মকর্তা |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন। | | |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বর্তমানে দেশের বিভিন্ন জেলায় বন্য হলেও বটিয়াঘাটা উপজেলায় বন্যার কোনো প্রভাব পড়েনি। পোল্ট্রি খামার এবং গরুর খামারে কোনো প্রভাব পড়েনি। তিনি আরো বলেন, তার দপ্তরে কোনো টিউবওয়ালের নাই ফলে তার অফিসের স্টাফ এবং সেবা নিতে আসা জনসাধারণ পানি খেতে বা ব্যবহার করতে পারে না। তিনি তার দপ্তরে একটি টিউবওয়ালের ব্যবস্থা করার জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন জলমা ইউনিয়নের মুহাম্মদ নগর সরকারি প্রাথমিক বিদ্যালয় সারা দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মাঃ শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। তিনি বলেন, স্কুলগুলিতে ক্লাস শুরু হয়েছে কিন্ত উপস্থিতির হার কম। তিনি আরো জানান, সকল স্কুলের স্কুল পরিচালনা কমিটি বিলুপ্ত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বার্ষিক প্রশিক্ষনের কাজ বরাদ্দ আসলে শুরু করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, উপজেলায় ২৫ হাজার নিয়মিত ভাতা ভোগী আছেন। তাদের প্রতি বছর লাইভ ভেরিফিকেশন করা হয়। তার ধারাবাহিকতায় ইতোমধ্যে ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়নে কাজ শুরু হয়েছে। সকল ইউনিয়নে করা হবে তিনি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন,৩০কেজি চালের বরাদ্দ এখনও আসেনি আসলে বিতরন করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন ইউপি চেয়ারম্যানদের, উপজেলার বিভিন্ন দপ্তরের চাহিদার ভিত্তিতে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে প্রকল্প চুড়ান্ত করা হয়েছে। তিনি প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা অফিসে আপ্যায়ন কাজে একজন মহিলা কর্মীর খুবই জরুরী। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>২০২৪-২৫ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশের মোতাবেক উপস্থাপিত প্রকল্পসমূহ সভায় আলোচনাঅন্তে | উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবগত আছেন যে, বর্তমানে শরমিষ্ঠা মিস্ত্রী নামের একজন মহিলা নিয়মিত কাজ করছেন। তাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মাসিক বা কর্মদিবস হিসেবে মজুরীর ব্যবস্থা করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাচন অফিসের নিরাপত্তার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ৩জন আনসার সদস্য প্রতি জনকে ১৫হাজার টাকা চুক্তিতে নিয়োগ দিয়েছিলেন। তিনি উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তালিকা পরিশিষ্ঠ-খ মোতাবেক।<br><br>সভায় আলোচনাঅন্তে শরমিষ্ঠা মিস্ত্রীকে অস্থায়ী ভিত্তিতে প্রতি কর্ম দিবসে ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মজুরি দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় আলোচনাঅন্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাচন অফিসের নিরাপত্তার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত হতে তিন জনকে পনেরো হাজার টাকা হারে পয়তাল্লিশ হাজার টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, গত অর্থ বছরের বরাদ্দের কাজ চলমান। চলতি অর্থ বছরের বরাদ্দ এসেছে কিন্তু এখনও জেলা অফিস থেকে টেন্ডার আহবান করা হয়নি। টেন্ডার হলে দ্রুত কাজ শুরু করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন জলমা ইউনিয়নের সরকারী জলমা চক্রাখালী স্কুলের একটি কিশোরী প্রশিক্ষন বাকি আছে দ্রুত শেষ করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রঃবাঃ কর্মকর্তা |
| ১৮ | ফরেস্টার সামাজিক বনবিভাগ | ফরেস্টার সামাজিক বন বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন বর্তমানে কোথাও কোনো সরকারি গাছ কাটা যাবে না। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বটিয়াঘাটা খেয়াঘাটের বাঁধের অবস্থা খুবই নাজুক। দ্রুত মেরামত না করা হলে উপজেলা পরিষদসহ অনেক এলাকা প্লাবিত হয়ে যেতে পারে। | বটিয়াঘাটা খেয়াঘাটের বাঁধ মেরামতের বিষয়ে দ্রুত পানি উন্নয়ন বোর্ডকে ইউপি চেয়ারম্যান অবহিত করবেন। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন তার ইউনিয়ন নদী ভাঙ্গন এলাকা। তারা এলাকায় কয়েক জায়গায় ভেঁড়ি বাঁধের উচ্চতার চেয়ে পানির উচ্চতা বেশি হয়ে যাচ্ছে। বাঁধগুলি দ্রুত উঁচু না করা হলে পানি ঢুকে যেয়ে অনেক এলাকা প্লাবিত হয়ে যেতে পারে। | ভেঁড়ি বাঁধগুলি দ্রুত উঁচু করার বিষয়ে ইউপি চেয়ারম্যান দ্রুত পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করবেন। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | প্যানেল চেয়ারম্যান,৫নং ভান্ডারকোট ইউপি সভায় জানান, তার ইউনিয়নের তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নের হালিয়া শিয়ালীডাঙ্গা ওয়াপদার রাস্তা নাজুক। তিনি আরো বলেন, নোয়াইলতলা-বড়হাজিরাবাদ রাস্তার অবস্থা খুবই নাজুক জনসাধারনের চলাচলের প্রায় অযোগ্য হয়ে পড়েছে। তিনি রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। | হালিয়া শিয়ালীডাঙ্গা ওয়াপদার রাস্তার বিষয়ে ইউপি চেয়ারম্যান দ্রুত পানি উন্নয়ন বোর্ডকে ইউপি চেয়ারম্যান অবহিত করবেন।<br>নোয়াইলতলা-বড়হাজিরাবাদ রাস্তা মেরামত করার বিষয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণের সময় বাস্তবায়ন করা হবে। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নের ৪নং ওয়ার্ড নদীর তীরবর্তী ওয়ার্ড। উক্ত ওয়ার্ডের ভাদাইলবুনিয়া ও বুজবুনিয়া এলাকায় ওয়াপদার অবস্থা নাজুক। ওয়াপদা মেরামত করা প্রয়োজন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>ভাদাইলবুনিয়া ও বুজবুনিয়া এলাকায় ওয়াপদার রাস্তা মেরামতের বিষয়ে ইউপি চেয়ারম্যান দ্রুত পানি উন্নয়ন বোর্ডকে অবহিত করবেন। | চেয়ারম্যান ৬নং ইউপি। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | প্যানেল চেয়ারম্যান ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নের কয়েক জায়গায় ওয়াপদার অবস্থা নাজুক হয়ে গিয়েছিলো স্থানীয় জনগন সেচ্ছাশ্রমে উক্ত এলাকার ওয়াপদার রাস্তা মেরামত করেছেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্যানেল চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালতকে আরো শক্তিশালী করার জন্য ইউপি চেয়ারম্যানগণ আরো সুচ্ছতার কাজ করার জন্য অনুরোধ করেন।<br><br>উপজেলা পরিষদের সদ্য অপসারনকৃত চেয়ারম্যান মহোদয় এবং ভাইস চোয়রম্যানগণ গত ০৮/০৭/২০২৪ খ্রি. দায়িত্ব গ্রহণের পর হতে ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত তাদের নিজ নিজ দুই মাসের ভ্রমন বিল দাখিল করেছেন। তাদের অনুমোদিত ভ্রমন বিলের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান যোগ্য। তাদের দাখিলকৃত বিল মোতাবেক সদ্য বিদায়ী চেয়ারম্যান মহোদয়ের জুলাই,২৪ মাসে ৮৬৩২/- টাকা, আগস্ট,২৪ মাসে-৭,১৫০-টাকা। ভাইস চেয়ারম্যানের জুলাই,২৪ মাসে-৬৪৫০/- টাকা, আগস্ট,২৪ মাসে-৫৯১২/- টাকা। মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই,২৪ মাসে-৬৪৫০/- টাকা, আগস্ট,২৪ মাসে-৫৯১২/- টাকা। উক্ত টাকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়।<br><br>উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদের তৃতীয় শ্রেণির ডরমেটারীর ভবন ও পল্লী দারিদ্র বিমোচন অফিসের স্পেটিক ট্যাংকি ভরাট হয়ে গিয়েছে। তিনি পরিস্কার করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে ইউটিডিসি ভবনের স্পেটিক ট্যাংকিও ভরাট হয়ে গিয়েছে। তিনি পরিস্কার করার জন্য সভায় প্রস্তাব করেন। | গ্রাম আদালতকে আরো শক্তিশালী করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br><br>সভায় আলোচনাঅন্তে বিদায়ী চেয়ারম্যান মহোদয় এবং ভাইস চেয়ারম্যানবৃন্দের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুমোদন করা হয়।<br><br>সভায় আলোচনাঅন্তে উপজেলা পরিষদের তৃতীয় শ্রেণির ডরমেটারীর ভবন ও পল্লী দারিদ্র বিমোচন অফিসের স্পেটিক ট্যাংকি পরিস্কার বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বজ্য ব্যবস্থাপনা খাত হতে-২০,০০০/-টাকা এবং ইউটিজিসি ভবনের স্পেটিক ট্যাংকি পরিস্কার বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বজ্য ব্যবস্থাপনা খাত হতে-২০,০০০/-টাকা বরাদ্দের সিদ্ধান্ত গ্রহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২।চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

(স্বাক্ষরিত) ২১/০৮/২০

(শরীফ আসিফ রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।



Scanned with CamScanner

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৪- তারিখ ঃ ২৮ /০৮/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, খুলনা ।
৩। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপজেলা.........................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৫। চেয়ারম্যান,................................ ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা ।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব দেবব্রত মল্লিক, প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি।
২. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৩. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৪. জনাব এসকে জাকির হোসেন, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৫. জনাব মো : কবির আকুঞ্জি,প্যানেল চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি।
৬. জনাব শেখ মো : আসাদুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৭. জনাব কৌশিক পাল , প্যানেল চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি।
৮. জনাব ডা : অভিজিৎ মল্লিক, আরএমও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।
৯. জনাব পলাশ কুমার দাস, উপজেলা প্রাণিসম্পদ কার্মকর্তা।
১০. জনাব প্রদীপ কুমার দাস, উপ : মৎস্য কর্মকর্তা
১১. জনাব মো : আবু বক্কর সিদ্দিক, উপজেলা কৃষি অফিস।
১২. জনাব ডা : শারমীন ফেরদৌস , উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৩. জনাব সুলতানা নাসরিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৪. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৫. জনাব গৌতম কুমার মন্ডল, উপজেলা প্রকৌশলী।
১৬. জনাব শরীফ মো : রুবেল, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
১৭. জনাব নবনিতা দত্ত, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
১৮. জনাব শহিদুর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
১৯. জনাব সরদার আলী আহসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
২০. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২১. জনাব রুনা আক্তার সুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২২. জনাব জাহিদুর রহমান , উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
২৩. জনাব মো : আবুবক্কর মোল্যা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।



Scanned with CamScanner